

কালের কণ্ঠ

আপডেট : ২৭ সেপ্টেম্বর, ২০২১ ০১:২৯

ই-কমার্से গরু অর্ডার দিয়ে প্রতারিত বাণিজ্যমন্ত্রী



ই-কমার্से গরু অর্ডার দিয়ে পাননি বলে জানিয়েছেন বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি। তিনি বলেন, দুই বছর আগের কোরবানির ঈদে একটি ই-কমার্স প্রতিষ্ঠান উদ্বোধনকালে অনলাইনে এক লাখ টাকা দিয়ে কোরবানির জন্য গরু অর্ডার করেছিলাম। কিন্তু আমাকে যে গরুটি দেখিয়েছিল, আমি সেটি পাইনি। আমি প্রতারিত হয়েছিলাম।

রবিবার (২৬ সেপ্টেম্বর) বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের সম্মেলন কক্ষে 'প্রতিযোগিতা আইন বাস্তবায়নের মাধ্যমে বাজারে সুষ্ঠু প্রতিযোগিতাপূর্ণ পরিবেশ সৃষ্টিতে ইকোনমিক রিপোর্টার্স ফোরামের (ইআরএফ) ভূমিকা' শীর্ষক কর্মশালায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের চেয়ারপার্সন মফিজুল ইসলামের সভাপতিত্বে কর্মশালায় বক্তব্য রাখেন কমিশনের সদস্য মনজুর কাদের, নাসরিন বেগম এবং জি এম সালেহ উদ্দিন, ইআরএফের সভাপতি শারভিন রিনতী, সাধারণ সম্পাদক এস এম রাশেদুল ইসলাম।

বহুল আলোচিত ইভ্যালির বিরুদ্ধে মামলা করেছে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন। একই সঙ্গে ইভ্যালির 'ধামাকা ঈদ অফার'টি বাতিল করা হয়েছে।

কর্মশালা বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের চেয়ারপারসনের মফিজুল ইসলাম জানান, ২০২০ সালের নভেম্বর মাসে ইভ্যালির বিরুদ্ধে মামলা করেছি। মামলাটি আদালতে চলমান। শিগগিরই রায় হবে। একই প্রতিযোগিতা ইভ্যালির ধামাকা ঈদ অফার বাতিল করেছি বলে জানান তিনি।

[Print](#)

সম্পাদক : ইমদাদুল হক মিলন,

ইস্ট ওয়েস্ট মিডিয়া গ্রুপ লিমিটেডের পক্ষে ময়নাল হোসেন চৌধুরী কর্তৃক প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বসুন্ধরা, বারিধারা থেকে প্রকাশিত এবং প্লট-সি/৫২, ব্লক-কে, বসুন্ধরা, খিলক্ষেত, বাড্ডা, ঢাকা-১২২৯ থেকে মুদ্রিত।

বার্তা ও সম্পাদকীয় বিভাগ : বসুন্ধরা আবাসিক এলাকা, প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বারিধারা, ঢাকা-১২২৯। পিএবিএক্স :

০২৮৪০২৩৭২-৭৫, ফ্যাক্স : ৮৪০২৩৬৮-৯, বিজ্ঞাপন ফোন : ৮১৫৮০১২, ৮৪০২০৪৮, বিজ্ঞাপন ফ্যাক্স : ৮১৫৮৮৬২, ৮৪০২০৪৭। E-mail : info@kalerkantho.com